

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৫৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৩. প্রথম অনুচ্ছেদ - জামা'আত ও তার ফযীলত সম্পর্কে

بَابُ الْجَمَاعَةِ وَفَضْلِهَا

### আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا أَنَّهَا قَالَتْ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم يَقُول: «لَا صَلَاة بِحَضْرَة طَعَام وَلَا هُوَ يدافعه الأخبثان»

#### বাংলা

১০৫৭-[৬] 'আয়িশাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে ইরশাদ করতে শুনেছিঃ খাবার সামনে রেখে কোন সালাত (সালাত/নামায/নামাজ) নেই এবং দু' অনিষ্ট কাজ (পায়খানা-পেশাব) চেপে রেখেও কোন সালাত (সালাত/নামায/নামাজ) নেই। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৫৬০।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (দাউদ-এর বর্ণনায় রয়েছে (দাউদ-এর বর্ণনায় রয়েছে অর্টার না এটা কার্টার উপস্থিত হলে সালাত নেই' অর্থাৎ খাবার উপস্থিত রেখে সালাত আদায় পূর্ণাঙ্গ হয় না। এটা বলা হয়ে থাকে যে, এখানে নফী আর্থাৎ নেতিবাচকের অর্থ হল নিষেধাজ্ঞাসূচক যেমনটি আবূ দাউদ-এর বর্ণনায় রয়েছে (দাউদ-এর বর্ণনায় রয়েছে (দাভাত/নামায/নামাজ) আদায় করবে না।

(وَلَا هُوَ يَدَافِعُهُ الْأَحْبِيّان) আর এ অবস্থায়ও সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করবে না যখন পেশাব বা পায়খানা যখন তাকে প্রচন্ড চাপ দেয়। পেশাব ও পায়খানার চাপের মতো অন্য কোন প্রকার চাপ যেমন বায়ু নিগর্ত হওয়ার চাপ এবং বমির চাপ এরূপ অবস্থায়ও সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করবে না। কারণ তা সালাতে মনোযোগ দানে বাধার সৃষ্টি করে যেমন নাকি পেশাব পায়খানার চাপে বাধা সৃষ্টি করে। তবে যদি পেশাব



পায়খানার প্রয়োজনবোধ করে কিন্তু তা তেমন চাপ সৃষ্টি না করে তাহলে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতে নিষেধ নেই। শুধুমাত্র পেশাব পায়খানার চাপ বা বেগ নিয়ে সালাত আদায় করা মাকরূহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন